# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-০৫/২০১৭-৬৭৯ তারিখঃ ১৬ নভেম্বর ২০১৭ খ্রিঃ

## কম্প্রিহেন্সিভ (লাইসেন্সিং/প্রি-রেজিস্ট্রেশন) পরীক্ষা সংক্রান্ত নীতিমালা (সংশোধিত)

(২০১৬ সালের ৪৮ নং আইনের ধারা নং ৫(ঝ) এর ক্ষমতাবলে প্রণীত)

**ভূমিকাঃ**

অত্র নীতিমালা (ক) ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষ হতে ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সের জন্য পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির ০৮ মে, ২০১১ খ্রিঃ অনুষ্ঠিত সভার সুপারিশক্রমে ৪২তম সাধারণ সভায় অনুমোদনক্রমে কম্প্রিহেন্সিভ (লাইসেন্সিং) পরীক্ষা প্রথমবার জুন-২০১১খ্রিঃ অনুষ্ঠিত হয়। (২) পরবর্তীতে পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির সিদ্ধান্তক্রমে উক্ত নীতিমালার আলোকে বিএসসি ইন-নার্সিং কোর্সের পরীক্ষা গ্রহণ করা হয়। (৩) পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির ২৮/০৮/২০১৫ খ্রিঃ অনুষ্ঠিত সভায় পূর্বোক্ত দু'টি কোর্সসহ ডিপ্লোমা ইন-মিডওয়াইফারি কোর্সের পরীক্ষা গ্রহণের বিষয় যুক্ত করা হয়। (৪) কাউন্সিলের পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির সুপারিশ অনুযায়ী Multiple Choice Question ও Single Choice/Best answer Question সমন্বয় পূর্বক ৪৯তম সাধারণ সভায় অনুমোদন করতঃ ১২/০২/২০১৭ খ্রিঃ নীতিমালা হালনাগাদ করা হয়। (৫) সর্বশেষ সুপ্রিম কোর্টের আপীল বিভাগের এ সংক্রান্ত ০৩/০৮/২০১৭ খ্রিঃ রায় অনুযায়ী ইন্টার্ণশীপ বাদ দিয়ে প্রণীত অত্র নীতিমালা নির্বাহী কমিটির ৩১ অক্টোবর ২০১৭খ্রিঃ অনুমোদনক্রমে সংশোধন করা হলো।

২। **শিরোনামঃ**

এই নীতিমালা 'কম্প্রিহেন্সিভ (লাইসেন্সিং/প্রি-রেজিষ্ট্রেশন) পরীক্ষা সংক্রান্ত নীতিমালা' নামে অভিহিত হবে।

৩। **ইতিবৃত্তঃ**

কাউন্সিলের প্রতিষ্ঠালগ্ন থেকে সকল বর্ষের (১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ) চূড়ান্ত পরীক্ষা কাউন্সিল কর্তৃক গ্রহণ পূর্বক উত্তীর্ণদের সনদ এবং রেজিস্ট্রেশন প্রদান করা হতো। অফিস রেকর্ড অনুযায়ী দেখা যায় যে, ১৯৭১ পূর্ব হতে ১৯৮৯ পর্যন্ত ৩ বছর মেয়াদি সিনিয়র সার্টিফিকেট ইন-নার্সিং এর এবং সিনিয়র সার্টিফিকেট ইন-মিডওয়াইফারি কোর্স এর ৪র্থ বর্ষ পর্যন্ত কাউন্সিল কর্তৃক চূড়ান্ত পরীক্ষাসমূহ গ্রহণ করে পৃথক দু'টি রেজিস্ট্রেশন ও সনদ প্রদান করা হতো। পরবর্তীতে উহা হালনাগাদ করে ১৯৯০ হতে জুন ২০০৩ পর্যন্ত ডিপ্লোমা ইন-নার্সিং ১ম, ২য়, ৩য় বর্ষ এবং ডিপ্লোমা ইন-মিডওয়াইফারি ৪র্থ বর্ষ পর্যন্ড় চূড়ান্ত পরীক্ষা কাউন্সিল কর্তৃক গ্রহণ করে পৃথক দুটি রেজিস্ট্রেশন ও সনদ ইস্যু করা হতো।

ডিসেম্বর ২০০৩ হতে মে ২০১১ পর্যন্ত কারিকুলাম পরিবর্তন ও একিভূত হয়ে ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি/ অর্থোপেডিক নার্সিং ১ম, ২য়, ৩য়, ৪র্থ বর্ষ পর্যন্ত চূড়ান্ত পরীক্ষা গ্রহণ করে একটি রেজিস্ট্রেশন ও সনদপত্র ইস্যু করা হতো। তখন শুধুমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে সেবা মহাবিদ্যালয়, মহাখালীতে পোস্ট-বেসিক বিএসসি ইন-নার্সিং/ পাবলিক হেলথ নার্সিং কোর্স চালু ছিল।

২০০৬ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহায়তায় আন্তর্জাতিক নার্সিং শিক্ষার সাথে সামঞ্জস্য রেখে নার্সিং শিক্ষাকে যুগোপযোগী করা হয়। ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষ হতে এইচএসসি (বিজ্ঞান) পাশ প্রার্থীদেরকে ৪ বছর মেয়াদি বিএসসি ইন-নার্সিং এবং এইচএসসি/ সমমানের পাশ (সকল বিভাগ) যোগ্যতা সম্পন্নদের ৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্স চালু করা হয়। ২০১১ সাল থেকে সরকার সিনিয়র স্টাফ নার্স পদকে দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদায় উন্নীত করেন।

সর্বশেষ জাতিসংঘের সাধারণ পরিষদে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক MDG's 4 & 5 এর আলোকে বর্ণিত মা ও শিশু মৃত্যুর হার উল্লেখযোগ্য হারে কমানোর লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশ বেশকিছু পদক্ষেপ গ্রহণ করা হয়। উক্ত পদক্ষেপের অংশ হিসেবে গর্ভবতী মায়ের গর্ভপূর্ব, গর্ভকালিন, প্রসবকালিন, প্রসবপরবর্তী ও নবজাতকের পরিচর্যায় প্রশিক্ষিত জনশক্তি গড়ে তোলার জন্য মিডওয়াইফারি প্রশিক্ষণের উপরে অধিকতর গুরুত্ব প্রদান করে রেজিস্ট্রার্ড নার্স-মিডওয়াইফদের ৬ মাস মেয়াদি প্রশিক্ষণ কোর্স চালু করে। এতদ্‌সঙ্গে নার্সিং পেশার অনুরূপ একটি পেশা হিসেবে পৃথকভাবে ২০১২-২০১৩ শিক্ষাবর্ষ হতে ৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন-মিডওয়াইফারি কোর্স কারিকুলাম প্রণয়ন পূর্বক চালু করা হয়। তাদের কোর্স সম্পন্ন করার পর নিয়োগের জন্য ইতোমধ্যে ৩,০০০ পদ সৃষ্টি করা হয়েছে। সে সব শিক্ষার্থীদের বাংলাদেশ নার্সিং কাউন্সিলের নিয়মানুসারে কম্প্রিহেন্সিভ (লাইসেন্সিং/প্রি-রেজিষ্ট্রেশন) পরীক্ষা গ্রহণের মাধ্যমে রেজিষ্ট্রেশন সনদ (পেশাগত সনদ) প্রদান করা হয়।

৪। **যাদের জন্য প্রযোজ্যঃ**
এই নীতিমালা বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নিজস্ব কারিকুলামে কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠানে অধ্যয়ন শেষে- (ক) ৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি (খ) ৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন-মিডওয়াইফারি (গ) ৪ বছর মেয়াদি বিএসসি ইন-নার্সিং পাশের পর বিশ্ববিদ্যালয়ের সনদপ্রাপ্ত এবং (ঘ) বাংলাদেশী নাগরিক বিদেশ থেকে সংশ্লিষ্ট দেশের স্বীকৃত প্রতিষ্ঠান হতে সে দেশের অনুমোদিত নার্সিং ও মিডওয়াইফারি বা সমমানের সনদ বাংলাদেশে ব্যবহার করার জন্য কাউন্সিলে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারিদের Equivalence Committee কর্তৃক সুপারিশকৃতদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রযোজ্য।

৫। **প্রয়োগকারি কর্তৃপক্ষঃ** বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।

৬। **কার্যপরিধিঃ**
(ক) কাউন্সিলের পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির সিদ্ধান্তক্রমে দেশের অভ্যন্তরে অবস্থিত বিএনএমসি'র অধিভূক্ত প্রতিষ্ঠান হতে উত্তীর্ণদের পেশাগত রেজিস্ট্রেশন প্রদান সংক্রান্ত পরীক্ষা গ্রহণ।
(খ) দেশের বাইরে অবস্থিত সংশ্লিষ্ট সরকারের স্বীকৃত প্রতিষ্ঠান হতে নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষাগতযোগ্যতার সনদ অর্জনকারিদের কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্তির আবেদন ইক্যুভ্যালেন্স কমিটির সুপারিশকৃতদের পরীক্ষায় অংশ গ্রহনের সুযোগদান।
(গ) বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে কাউন্সিলের প্রেসিডেন্টের অনুমতিক্রমে কমিটি তাৎক্ষনিকভাবে সম্পূর্ণ পরীক্ষা স্থগিত, তারিখ পরিবর্তন, সম্পূর্ণ বা আংশিক ফলাফল বাতিল বা প্রয়োজনীয় সংশোধনী আনতে পারবে।

৭। **ফি নির্ধারণ ও সংশ্লিষ্ট ব্যয় নির্বাহঃ**
কাউন্সিলের নির্বাহী কমিটি অনুমোদিত খাতসমূহের সাথে অত্র পরীক্ষার ফি (Fee) নির্ধারণ ও প্রয়োজনীয় ব্যয় নির্বাহ হবে।

৮। **পরীক্ষার পূর্বে করনীয় ও নির্দেশনাঃ**
(ক) কাউন্সিল কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে, চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ ও বিএসসি'র ক্ষেত্রে বিশ্ববিদ্যায়ের সনদ/ সাময়িক সনদ প্রাপ্তদের নামের তালিকা প্রেরণ এবং বিএনএমসি'র ওয়েব সাইট থেকে ফরম সংগ্রহ।
(খ) পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির সভা আহবান করে কমপক্ষে ৬০ (ষাট) দিন পূর্বে পরীক্ষার দিন, তারিখ, সময়-সূচী, কেন্দ্র নির্ধারণ। কেন্দ্র নির্ধারণের ক্ষেত্রে বৃহৎ নিয়োগ পরীক্ষা, পাবলিক পরীক্ষা, ক্লাস ও জাতীয়-আন্তর্জাতিক উৎসব-অনুষ্ঠানাদি বিবেচনায় এনে ছুটির দিন বা শুক্রবার গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ। এতদ্সঙ্গে নমুনা প্রশ্নপত্র (উত্তরপত্রসহ) আহ্বান।
(গ) পরীক্ষার সকল বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশ করা হবে বিধায় কোন প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বা পরীক্ষার্থী পরীক্ষার তারিখ, সময়-সূচি বা কেন্দ্র ইত্যাদি বিষয়ে অবহিত নন মর্মে অভিযোগ গ্রহণযোগ্য হবে না। প্রয়োজনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষের মাধ্যমে অপারগতায় নিজ দায়িত্বে কাউন্সিলে যোগাযোগ করতে হবে। এ ব্যাপারে কাউন্সিল সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে।
(ঘ) পরীক্ষার ফরম পূরণ পূর্বক পরীক্ষার কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে কাউন্সিলে জমা দেয়ার পর/ অনলাইনে পূরণের পর উহা যাচাই-বাছাই পূর্বক রেজিস্ট্রারের অনুমোদন সাপেক্ষে পরীক্ষা অনুষ্ঠানের কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রবেশ পত্র প্রেরণ।
(ঙ) অনিবার্য কারনবশতঃ কোন শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষায় অংশগ্রহণের প্রক্রিয়াসমূহ সম্পন্ন করতে না পারলে, নির্ধারিত বিলম্ব ফি প্রদান করে শেষ তারিখের পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে সুযোগ দেয়া যেতে পারে। কাউন্সিল উহা বিবেচনা করতে পারে অথবা আবেদন বাতিল করতে পারে অথবা পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করতে পারে।
(চ) অকৃতকার্য/ অনুপস্থিত পরীক্ষার্থীরা যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক কাউন্সিল কর্তৃক নির্ধারিত নিয়ম ও তারিখে পরবর্তীতে অনুষ্ঠিতব্য পরীক্ষায় ধারাবাহিকতা রক্ষা করে অংশ গ্রহণ করতে পারবে, তবে পূর্বের পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
(ছ) সাধারণতঃ প্রার্থীর সংখ্যা ও পারিপার্শ্বিক বিষয়াদি বিবেচনায় রেখে ৬ (ছয়) মাসের ব্যবধানে বছরে অন্ততঃ ০২ (দুই) বার পরীক্ষা গ্রহণ করা হবে। তবে বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি প্রয়োজনবোধে ৩ (তিন) মাসের ব্যবধানে অতিরিক্ত আরও একবার পরীক্ষা গ্রহণ করতে পারবে।
(জ) কেন্দ্রের নিরাপত্তা প্রস্তুতি হিসাবে আইন-শৃংখলা বাহিনীর সহযোগীতা পূর্বেই নিশ্চিত করা।
(ঝ) পরীক্ষার্থীদের সংখ্যা ও আনুষঙ্গিক বিষয় বিবেচনায় রেখে পরীক্ষা কেন্দ্র নির্বাচন পূর্বক পরীক্ষা শুরুর অন্ততঃ ০১ (এক) মাস পূর্বে চূড়ান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। পরীক্ষা কেন্দ্রীয়ভাবে ঢাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠান বা কেন্দ্রে গ্রহণ করা হবে।

৯। **পরীক্ষাকালীন করনীয় ও নির্দেশনাঃ**
(ক) পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির চেয়ারম্যান প্রধান পরিদর্শক, সদস্যগণ পদাধিকারবলে নিয়মিত পরিদর্শক, উর্ধতন কর্মকর্তাগণ আমন্ত্রিত পরিদর্শক এর দায়িত্ব পালানের জন্য রেজিস্ট্রার, বিএনএমসি পত্র ইস্যু করবেন এবং রেজিস্ট্রার, বিএনএমসি কেন্দ্র প্রধান এর দায়িত্ব পালন করবেন।
(খ) প্রধানত নার্সিং অফিসার ও শিক্ষকগণের মধ্য হতে অভিজ্ঞ, দক্ষ, কর্মঠ ও জ্যৈষ্ঠতার ভিত্তিতে এবং পদ বিবেচনায় বুথ ইনচার্জ, হলসুপার ও ইনভিজিলেটর নিয়োগ করা হবে।

(গ) স্থানীয় নার্স-মিডওয়াইফ শিক্ষক-কর্মকর্তাদের মধ্যে প্রয়োজনীয় সংখ্যক ইনভিজিলেটর নিয়োগ শেষে প্রয়োজন হলে অন্য জেলা হতে নেয়া যেতে পারে। পরীক্ষায় দায়িত্বপালনকারিদের কাউন্সিল নির্ধারিত সম্মানী প্রদান করা হবে; তবে যাতায়াত ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।

(ঘ) নার্সিং কর্মকর্তাগণকে ইনভিজিলেটরসহ পরীক্ষা সংশ্লিষ্ট দায়িত্ব পালনের জন্য কলেজ/ইনস্টিটিউট কর্তৃপক্ষের নিকট পত্র লিখে শিক্ষা, অভিজ্ঞতা, দক্ষতা, সততা, কর্মঠ ও জ্যৈষ্ঠতা বিবেচনায় তাঁর মনোনয়নের মাধ্যমে কাউন্সিলের তালিকাভুক্ত করা হবে।

(ঙ) প্রয়োজন হলে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবের সঙ্গে আলোচনাক্রমে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণকে নার্স-শিক্ষকের পাশাপাশি ইনভিজিলেটর নিয়োগ করা যেতে পারে।

(চ) বিশেষ অবস্থায় এবং প্রয়োজনে সিক বেডে (অসুস্থ্য হলে) পরীক্ষার জন্য পূর্বেই উপযুক্ত প্রমাণপত্রসহ আবেদন করতে হবে। এ বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারবে।

১০। **প্রশ্নপত্র প্রণয়ন (প্রশ্নপত্র সেটার/ মডারেশন/প্রিন্টিং ও প্যাকেজিং/কেন্দ্রে পৌছানো)ঃ**

(ক) পরীক্ষার কাজ বিশেষ করে প্রশ্নপত্র প্রণয়নের কাজটি **"অতীব গোপনীয় ও গুরুত্বপূর্ণ "** কাজ হিসেবে সংশ্লিষ্ট সকলে গণ্য করবে।

(খ) পরীক্ষা সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান হতে পূর্বেই পরীক্ষার নমুনা প্রশ্নপত্র আহবান করা হবে।

(গ) কারিকুলাম, সিলেবাস, লেশনপ্লান ও প্রতিষ্ঠান হতে প্রেরিত নমুনা প্রশ্নপত্রের সাথে সামঞ্জস্য রেখে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।

(ঘ) প্রশ্নপত্র প্রণয়নের জন্য দুই ভাগে বিভক্ত মডারেটর প্যানেল থাকবেঃ যথা-
প্রথম পর্যায়ে প্রশ্নপত্র সেটারঃ সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউটে পাঠদানের সাথে সম্পর্কিত দুই বা ততোধিক শিক্ষক।
দ্বিতীয় পর্যায়ে মডারেটরঃ (১) রেজিস্ট্রার, বিএনএমসি- সভাপতি (২) পরিচালক (শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বা উপযুক্ত প্রতিনিধি (৩) অধ্যক্ষ, সংশ্লিষ্ট ঢাকা নার্সিং কলেজ/ মিটফোর্ড নার্সিং ইনস্টিটিউট (প্রযোজ্য ক্ষেত্রে), যিনি পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির সদস্য থাকবেন।

(ঙ) প্রশ্নপত্র সেটারগণ কারিকুলাম, সিলেবাস, ব্যবহারিক বিষয়, সমকালিন বিষয় ও প্রতিষ্ঠান হতে প্রেরিত নমুনা প্রশ্ন যাচাইয়ান্তে পূর্ণ সেট প্রশ্ন এবং আরও ৫০% অতিরিক্ত প্রশ্ন প্রস্তুত করে রেজিস্ট্রার বরাবর দাখিল করবেন।

(চ) রেজিস্ট্রার, বিএনএমসি গোপন পত্র মারফত প্রথমে সেটারগণকে কাউন্সিল অফিসে আহ্বান করবেন এবং সেটারগণের কার্যশেষে মডারেশন কমিটির সদস্যগণকে আহ্বান করবেন। তৎসংশ্লিষ্ট কার্যসম্পাদনের জন্য রেজিস্ট্রার কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে নির্বাচন করবেন। কাউন্সিল গোপনীয়তা পালনের জন্য সংশ্লিষ্টদের নিকট হতে প্রয়োজনীয় অঙ্গিকারনামা / মুচলেকা গ্রহণ করবে।

(ছ) মডারেশন কমিটি প্রশ্নপত্র প্রণয়ন এবং Answer Key প্রস্তুত পূর্বক True or Fulse এর পাশাপাশি Single Choice এর বৃত্ত পূরণ পূর্বক প্যাকেট বন্ধ করে রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষর করতঃ গোপনীয়তা ও নিরাপদ বিবেচনায় কাউন্সিলে যথাসম্ভব অল্প সময়/ দিন সংরক্ষণ করবেন।

(জ) প্রশ্নপত্র ও উত্তরপত্র পরীক্ষা কেন্দ্রে আনা-নেয়ার সময় পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির সদস্য ও আইন-শৃংখলা বাহীনির সদস্য সঙ্গে রাখা।

(ঝ) ১০০ (একশত) নম্বরের মধ্যে উত্তীর্ণ নম্বর (পাশমার্ক) ৬০ (ষাট) নম্বর নির্ধারিত থাকবে, তবে কোন পরীক্ষার্থী ৫৯.২০ (উনষাট দশমিক দুই শূন্য) বা ততোর্দ্ধ নম্বর পান তাহলে তাকে পাশ নম্বর প্রদান করা যেতে পারে। পাশের হার বিবেচনা পূর্বক পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি প্রয়োজনে গ্রেস প্রদান করতে পারবে।

(ঞ)১৭ ফেব্রুয়ারি ২০১৭ সাল থেকে শুরু হওয়া Multiple Choice Question (প্রতি প্রশ্নের সঠিক উত্তরের মানবন্টন .২০x৫= ১.০০) ও Single Choice/ Best answer Question (প্রতি প্রশ্নের সঠিক উত্তরের মান ১.০০) সমন্বয় পূর্বক প্রতিটি প্রশ্নের বিপরীতে ০১ (এক) নম্বর করে নির্ধারিত থাকবে। এ পদ্ধতি ক্রমান্বয়ে বাড়তে থাকবে এবং ২০২০ সালে সমন্বয় করা হবে।

(ট) উত্তর প্রদানের (বৃত্ত ভরাট) ক্ষেত্রে কোন পরীক্ষার্থী ঘর ফাঁকা রাখলে কিংবা দু'টি ঘর পূরণ করলে শুধুমাত্র সঠিক উত্তরের জন্য নির্ধারিত নম্বর পাবে। তবে, ভুল উত্তরের জন্য কোন নম্বর কাটা যাবে না।

(ঠ) পরীক্ষার সময় ১ ঘন্টা ৪০ মিনিট অর্থাৎ ১০০ (একশত) মিনিট নির্ধারিত থাকবে।

(ড) সেটার/ মডারেটরের আত্মীয় যেমনঃ- (১) ভাই (২) বোন (৩) স্বামী/স্ত্রীর ভাই বা বোন (৪) ছেলে (৫) মেয়ে (৬) ভ্রাতৃবন্ধু (৭) ভগ্নিপতি (৮) স্বামী (৯) স্ত্রী (১০) ভাই বা বোনের সন্তান (১১) পুত্রবধূ (১২) জামাতা (১৩) আপন চাচা/চাচী (১৪) আপন মামা-মামী (১৫) আপন ফুপু-ফুপা এবং (১৬) আপন খালা-খালু এই পরীক্ষায় পরীক্ষার্থী থাকে তাহলে অত্র নিয়োগপত্র প্রাপ্তির ০৩ দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর অবশ্যই লিখিতভাবে জানাতে হবে।

(ঢ) প্রশ্নপত্র সেটিং এর পর পরীক্ষার সময় পর্যন্ত পরীক্ষা সংশ্লিষ্ট সেটারগণ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের সাজেশন দেয়া বা কোচিং ক্লাস করানো/অনুরূপ কোন কাজ করা নিষিদ্ধ এ সংক্রান্ত মুচলেকা গ্রহণ করতে হবে।

(ণ) সংশ্লিষ্ট দায়িত্ব পালনকালে গোপনীয়তা রক্ষার ক্ষেত্রে কোন গাফিলতি বা অসদুপায় অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এমনকি বিভাগীয় মামলা রুজু করা হবে।

(ত) **প্রশ্নপত্রের ধরণ (পঠিত বিষয়সমূহের মধ্য থেকে)ঃ** প্রতিটি কোর্সের পঠিত বিষয়ের মধ্য হতে প্রাথমিকভাবে Multiple Choice Question (MCQ) শুরু করা হলেও ১৭ ফেব্রুয়ারি ২০১৭ হতে উক্ত পদ্ধতিতে ৮০ (আশি) টি প্রশ্ন যাতে ৮০ (আশি) নম্বর ও Single Choice/Best answer ২০ (বিশ) টি যাতে ২০ (বিশ) নম্বর নির্ধারণ করা হয়।

উদাহরণঃ

| | | | |
|---|---|---|---|
| Multiple Choice Question | Question No. 1. A-T<br>B-F<br>C-T<br>D-F<br>E-T | 2. A-F<br>B-T<br>C-F<br>D-T<br>E-F | 3. A-T<br>B-F<br>C-F<br>D-T<br>E-F |

এবং

পর্যায়ক্রমে ২০২০ সাল নাগাদ Multiple Choice Question এবং Single Choice/Best answer পদ্ধতির সমন্বয় করা হবে।

উদাহরণঃ

| | | | |
|---|---|---|---|
| Single Choice/Best answer | Question No. 81. A-T<br>B-F<br>C-F<br>D-F | 82. A-F<br>B-T<br>C-F<br>D-F | 83. A-F<br>B-F<br>C-T<br>D-F |

(থ) মডারেটর ও সেটারগণকে প্রশ্নপত্র প্রণয়নকালে লক্ষ্য রাখতে হবে যে, একই প্রশ্নের দুই সেট করার সময় 'A' সেটের ক্রমিক নং- 1 এ বর্ণিত উত্তরগুলো যদি (a)-T, (b)-F, (c)-T, (d)-F, (e)-T আকারে সাজানো থাকে তাহলে 'B' সেটে সেই প্রশ্নের উত্তরগুলোর

ক্রমিক নং-49 (সম্ভাব্য) তে পরিবর্তন করে (a)-F, (b)-T, (c)-F, (d)-T, (e)-F আকারে সাজানোর যথাসম্ভব চেষ্টা করা।

(দ) যথাসাধ্য উত্তরপত্রে: T- ৫০% অপরদিকে F-৫০% ভারসাম্য বজায় রাখার চেষ্টা করতে হবে।

(ধ) প্রতিটি প্রশ্নের পরিচিতির জন্য সেট কোডের পাশাপাশি বৈচিত্রময় বাংলাদেশের ঐতিহ্য যথাঃ নদীর নাম, ফুলের নাম, ফলের নাম, ঋতুর নাম, মাসের নাম, বিশেষ স্থানের নাম ইত্যাদি ঐতিহ্যকে স্মরণে রাখার জন্য বিশেষ নামকরণ করা যেতে পারে।

(ন) প্রতিটি প্রশ্নের কমপক্ষে দু'টি বা ততোধিক সেট করা হবে। যথাঃ এ, বি, সি ইত্যাদি।

(প) গোপনীয় কাগজপত্র কেন্দ্রে আনা-নেয়া এবং পরীক্ষা চলাকালিন পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির সদস্য ও পুলিশ উপস্থিত রাখা।

১১। **পরীক্ষায় দায়িত্ব পালনকারি ও পরীক্ষার্থীদের করনীয়ঃ**

(ক) পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির অনুমতিক্রমে রেজিস্ট্রার কেন্দ্রে দায়িত্ব পালনকারি কর্মকর্তা-কর্মচারী এবং পরীক্ষার্থীদের করনীয় ও নির্দেশনা নির্ধারণ করবেন।

(খ) পরীক্ষার্থীকে ইউনিফর্ম পরিহিত অবস্থায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীদের থাকা-খাওয়া ও অন্যান্য খরচ নিজ দায়িত্বে বহন করতে হবে।

(গ) পরীক্ষার্থীকে অবশ্যই কালো কালির বলপয়েন্ট ব্যবহার করতে হবে। কেন্দ্রে মুঠোফোন ও আধুনিক ডিভাইস ব্যবহার সম্পূর্ণ নিষেধ। পরীক্ষা শেষে ব্যবহৃত প্রশ্নপত্র উত্তরপত্রের সাথে জমা দিতে হবে।

(ঘ) প্রশ্নপত্রে শুধুমাত্র প্রশ্নের মূল নম্বর ও সাব-নম্বরের বিপরীতে উত্তরগুলো থাকবে। পক্ষান্তরে পৃথক উত্তরপত্রে (OMR Sheet) পরীক্ষার্থীর প্রয়োজনীয় পরিচিতি লিখে ঘরপূরণ (বৃত্ত ভরাট) করতে হবে। পরিচিতি বা পরীক্ষার্থীর তথ্য সম্বলিত বৃত্তসমূহ সঠিক ভাবে ভরাট না করা হলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে। তদ্সঙ্গে প্রশ্ন অনুযায়ী উত্তরপত্রে MCQ Sheet এ সঠিক উত্তরের ঘর পূরণ (বৃত্ত ভরাট) করতে হবে। এ ক্ষেত্রে কোন জটিলতা দেখা দিলে পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঙ) পৃথক উত্তরপত্রে সাব-নম্বরের পাশে/নিচে প্রথমাংশে True or Fulse এর সংক্ষেপ (T) or (F) এবং দ্বিতীয়াংশে (a) or (b) or (c) or (d) নির্দেশ করা ঘর থাকবে ঘরদ্বয়ের মধ্য হতে সঠিকটি পূরণ (ভরাট) করতে হবে।

(চ) প্রশ্নপত্র পরীক্ষার্থী বা কোন দায়িত্বপালনকারি হলের বাইরে নিতে পারবে না বা কোন প্রতিষ্ঠানে সরবরাহ করা যাবে না।

১২। **পরীক্ষা পরবর্তী করনীয় ও নির্দেশনাঃ**

(ক) পরীক্ষা গ্রহণ শেষে কমিটির সদস্যগণের উপস্থিতিতে উত্তরপত্র (OMR Sheet) গোপনীয়তার সাথে প্যাকেট করে কাউন্সিলে নিতে হবে।

(খ) কাউন্সিল কর্তৃক কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের (OMR Machine) মাধ্যমে উত্তরপত্র মূল্যায়ন পূর্বক রোল নম্বরের ভিত্তিতে ফলাফল যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষা পূর্বক পরীক্ষা নিয়ন্ত্রন কমিটি কর্তৃক অনুমোদন ও স্বাক্ষর করাতে হবে।

(গ) পরীক্ষা নিয়ন্ত্রন কমিটি কর্তৃক অনুমোদিত ফলাফলের ভিত্তিতে মেধাক্রমানুযায়ী ফলাফল প্রস্তুত ও সংশ্লিষ্ট কার্যাদি সম্পন্ন করতঃ রেজিস্ট্রার ফলাফল প্রকাশ করবেন।

(ঘ) ফলাফল ওয়েব সাইটে, ই-মেইলে, নোটিশ বোর্ডে ও স্ব-স্ব প্রতিষ্ঠানে ডাক যোগে প্রেরণ করা হবে।

(ঙ) প্রকাশিত ফলাফলের ভিত্তিতে কাউন্সিল দাপ্তরিক কাজ ও রেজিষ্ট্রেশন (পেশাগত নিবন্ধন) প্রদান প্রক্রিয়া সম্পাদন করবে।

১৩। **নীতিমালা সংক্রান্তঃ**

(ক) এই নীতিমালা অনুযায়ী পরীক্ষা গ্রহণকালে কোন প্রকার সমস্যা বা জটিলতার সৃষ্টি হলে কাউন্সিলের প্রেসিডেন্টের অনুমতিক্রমে কাউন্সিলের পরবর্তী সাধারণ সভা/নির্বাহী কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি তাৎক্ষনিকভাবে সম্পূর্ণ পরীক্ষা স্থগিত, তারিখ পরিবর্তন, সম্পূর্ণ বা আংশিক ফলাফল বাতিল বা প্রয়োজনীয় সংশোধনী আনতে পারবে।

(খ) প্রয়োজনে এই নিয়মাবলী আংশিক বা সম্পূর্ণ সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিমার্জন, পরিবর্ধন ও বাতিল করার ক্ষমতা বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল সংরক্ষণ করে। সরকার প্রয়োজনে এ বিষয়ে নির্দেশ প্রদান করলে কাউন্সিল তাা বিবেচনার জন্য সভায় উত্থাপন করবে।

6|11|17

**(সুরাইয়া বেগম)**
রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
ফোন-৯৫৬৪১৫৯
ই-মেইলঃ info@bnmc.gov.bd

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিশিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি ও পরিচালক (চিশিজ), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৪. সকল সদস্য, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
৫. সকল অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট, ........................................
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, বিএনএমসি।
৭. জনাব/ বেগম ......................................................

6|11|17

রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল